DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) । তৈরি: 13 Sep 2026, 03:14 PM

স্বাস্থ্য

# দেশের সবার জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করা হবে: ডা. জুবাইদা রহমান

প্রতিবেদক: ঢাকা প্রোব প্রতিবেদক
প্রকাশের তারিখ: রোববার, ১৩ সেপ্টেম্বর ২০২৬, ০৪:২১ PM



দেশের প্রতিটি নাগরিকের জন্য সহজলভ্য ও মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের সহধর্মিণী ও জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমান।

রোববার (১৩ সেপ্টেম্বর) রাজধানীর নভোথিয়েটারে আয়োজিত "সবার জন্য স্বাস্থ্যসেবা" শীর্ষক এক সেমিনারে বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা বলেন।

ডা. জুবাইদা রহমান বলেন, "বাংলাদেশের সবার জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করা হবে। স্বাস্থ্যসেবা পাওয়া কোনো সুবিধা নয়; এটি দেশের প্রতিটি নাগরিকের অধিকার।"

ডেঙ্গু পরিস্থিতি নিয়েও কথা বলেন ডা. জুবাইদা। তিনি বলেন, ডেঙ্গু প্রতিরোধে জনগণের ব্যক্তিগত সচেতনতা বাড়াতে হবে। এ রোগ মোকাবিলায় সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, দেশের কাঙ্ক্ষিত উন্নয়ন নিশ্চিত করতে প্রতিটি ক্ষেত্রে জবাবদিহি প্রতিষ্ঠা করা জরুরি।

ডা. জুবাইদা রহমান বলেন, □সব ক্ষেত্রে জবাবদিহি নিশ্চিত করতে পারলেই কাঙ্ক্ষিত বাংলাদেশ গড়া সম্ভব।□

---

## এ বিভাগের আরও খবর



**২৪ ঘণ্টায় হামের উপসর্গে আরও ৭ জনের মৃত্যু**

দেশজুড়ে হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় আরও সাতজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম ও এর উপসর্গে মোট মৃত্যুর সং...



**ডেঙ্গুতে ২৪ ঘন্টায় ২ মৃত্যু, হাসপাতালে ১০৫৬**

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে দুইজনের মৃত্যু হয়েছে। একই সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন হাসপাতালে ১০৫৬ জন ভর্তি হয়েছে।শনিবার (১২ স...



**স্বাস্থ্যখাতে কোনো অনিয়ম ও অবহেলা মেনে নেওয়া হবে না: স্বাস্থ্যমন্ত্রী**

রাজধানীর মুগদা জেনারেল হাসপাতাল পরিদর্শন করেছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মোহাম্মদ সাখাওয়াত হোসেন। এ সময় হাসপাতালের অনিয়ম দেখে তিনি বলেছেন, কোন...



**সরকারি হাসপাতালে চিকিৎসকের ১১৪৯৫টি পদ এখনো শূন্য: স্বাস্থ্যমন্ত্রী**

দেশের সরকারি হাসপাতালগুলোতে চিকিৎসকের ৪১ হাজার ৮০৬টি অনুমোদিত পদের মধ্যে ১১ হাজার ৪৯৫টি পদ শূন্য রয়েছে। এসব পদে দ্রুত চিকিৎসক নিয়োগ দিয়ে জনগ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/health/desher-sbar-jnj-sbasthjseba-nishchit-kra-hbe-da-jubaida-rhman